

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৭

٩. यन भनाता त्रु पिष्ठ छे अत्म भाना (کتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ কোন মানুষ যদি প্রকৃতপক্ষেই সৎকর্মপরায়ন হন, তবে সংকীর্ণ ও অপ্রাপ্তির অবস্থাতেও তার হৃদয় স্বচ্ছল ও পাপ্তির অবস্থার মতই থাকবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ وَإِنْ كَانَ مُجِدًّا فِي الطَّاعَاتِ إِذَا وَرَدَتْ عَلَيْهِ حَالَةُ الضِيقِ وَالْمَنْعِ يَجِبُ أَنْ يَسْتَوِي قَلْبُهُ عِنْدَهَا مَعَ حَالَةِ الْوُسْعِ وَالْإِعْطَاءِ

আরবী

727 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّتَنَا الْوَلِيدُ بْنُ شُجَاعٍ حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ حَدَّتَنَا الْوَلِيدُ بْنُ شُجَاعٍ حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ حَدَّتَنَا مُومَد مِن أَبِيه عن عائشة قالت: لَقَدْ كَانَ آلُ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُرَوْنَ ثَلَاثَةَ أَشْهُرٍ مَا يَسْتَوْقِدُونَ فِيهِ بِنَارٍ مَا هُوَ إِلَّا الْمَاءُ وَالتَّمْرُ وَكَانَ حَوْلَنَا أَهْلُ دُورٍ يُروْنَ ثَلَاثَةَ أَشْهُرٍ مَا يَسْتَوْقِدُونَ فِيهِ بِنَارٍ مَا هُوَ إِلَّا الْمَاءُ وَالتَّمْرُ وَكَانَ حَوْلَنَا أَهْلُ دُورٍ مِنَ الْأَنْصَارِ لَهُمْ دَوَاجِنُ فِي حَوَائِطِهِمْ فَكَانَ أَهْلُ كُلِّ دَارٍ يَبْعَثُونَ إلى رسول الله صلى الله عليه وسلم بِغَزيرِ شَاتِهِمْ فَكَانَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ ذلك اللبن. الله عليه وسلم بغزيرِ شَاتِهِمْ فَكَانَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ ذلك اللبن. الراوي: عائشة المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصدة أو الرقم: 727 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পরিবার তিন মাস পর্যন্ত (চুলায়) আগুন জ্বালাতেন না। এসময় তাঁদের খাদ্য থাকতো খেজুর ও পানি। আর আমাদের পাশে কিছু আনসারীদের বাড়ি ছিল। তাঁদের বাগানে কিছু গৃহপালিত মেষ ছিল। প্রত্যেক প্রতিবেশি আনসারী তাঁদের মেষের দুধ পাঠাতেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেসব দুধ পান করতেন।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৬২৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১৩/৩৬১; মুসনাদ আহমাদ: ৬/১০৮; সহীহ আল বুখারী: ৬৪৫৮, ৬৪৫৯; ২৫৬৭; ৫৩৮৩; সহীহ মুসলিম: ২৯৭২; ইবনু মাজাহ: ৪১৪৪, ৪১৪৫।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ৪১৪৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন